R. N. No. 2532/57 | Phone No. 66-228, STD 03483 | Regd. No.—WB/MSD- 4

আলমারী, চেয়ার এবং
যাবতীয় ষ্টীল সরঞ্জাম বিক্রেতা
বি কে
ষ্টীল ফার্ণিচার
অনুমোদিত বিক্রেতা : ষ্টিলকো
রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
Jangipur Sambad, Raghunathganj, Murshidabad (W. B)
প্রতিষ্ঠাতা— স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )
প্রথম প্রকাশ : ১৯১৪

জঙ্গীপুর আরবান কো-অপঃ
ক্রেডিট সোসাইটি লিঃ
রেজি নং— ১২ / ১৯৯৬-৯৭
( মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল
কো-অপারেটিভ ব্যাঙ্ক
অনুমোদিত )
ফোন : ৬৬৫৬০
রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ

৮৫শ বর্ষ
৩৯শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ৪ঠা ফাল্গুন, বুধবার, ১৪০৫ সাল।
১৭ই ফেব্রুয়ারী, ১৯৯৯ সাল।
নগদ মূল্য : ১ টাকা
বার্ষিক ৪০ টাকা

## ভাগীরথী ব্রীজ নির্মাণের প্রাথমিক কাজ শুরু হলো, জবরদখল-কারীদের পুনর্বাসন ব্যবস্থা ব্রীজ তৈরীর পর

নিজস্ব সংবাদদাতা : জঙ্গিপুরে ভাগীরথীর উপর ব্রীজ নির্মাণের প্রথম পর্যায়ে রঘুনাথগঞ্জ হাসপাতাল মোড় থেকে ফুলতলা হয়ে গাড়ীঘাট পর্যন্ত এবং জঙ্গিপুর পারে ফেরীঘাট চত্বর থেকে কলেজ হোস্টেল পর্যন্ত রাস্তার দু' ধারে যে সব বেআইনী দোকান ঘর বা ঝুপড়ি আছে সেগুলো ৬ ঘন্টার মধ্যে সরিয়ে নিতে পি, ডবলিউ, ডি থেকে গত ১৩ ফেব্রুয়ারী মাইকিং করা হয়। নিজেরা না সরিয়ে নিলে প্রশাসন থেকে ব্যবস্থা নেবার কথাও জানানো হয়। এই ঘোষণার পর উভয় পারের বেশ কিছু দোকান ১৪ ফেব্রয়ারী সকাল থেকে উঠতে শুরু করেছে। এই প্রসঙ্গে জানা যায় গত ৯২ সালে প্রশাসন থেকে রাস্তার দু' ধারের সরকারী জমিতে জবরদখল দোকানগুলো ভেঙে ফেলতে শুরু করলে ফুলতলা এলাকার ৪৭ জন ব্যবসায়ী এসডিও ( সিভিল ) এবং এসডিও ( পি, ডবলিউ, ডি )-র বিরুদ্ধে হাইকোর্টের স্মরণাপন্ন হলে মহামান্য হাইকোর্ট উচ্ছেদের বিরুদ্ধে ইনজাংশনজারী করেন। তার পরিপ্রেক্ষিতে নির্দিষ্ট কিছু দোকান বাদে বাকীগুলো প্রশাসন থেকে ভেঙে দেওয়া হয়। এবার রাস্তার দু' ধার পরিষ্কারের নোটিশ প্রচার হলে ঐ সব ব্যবসায়ীরা মহকুমা শাসকের সঙ্গে দেখা করে তাঁকে হাইকোর্টের অর্ডারের কপি দেখালে তিনি এ ব্যাপারে সরকারী আইনজীবীর সঙ্গে পরামর্শের প্রতিশ্রুতি দেন। এ প্রসঙ্গে জঙ্গিপুর পুরসভার চেয়ারম্যান মৃগাঙ্ক ভট্টাচার্য্য এক সাক্ষাতকারে জানান—ভাগীরথী ব্রীজের লে আউটের কাজ শুরু হয়েছে। জেলা পরিষদ থেকে ৫০ লক্ষ টাকার মেটিরিয়ালস-এর টেন্ডারও হয়ে গেছে। অল্পদিনের মধ্যে সাইটে মাল পড়তে শুরু করবে। টাটা ষ্টিল কোম্পানী থেকে সরাসরি যাবতীয় সরঞ্জাম চলে আসবে। এর আগে হাসপাতাল, ফুলতলা মোড় ও গঙ্গার ধার পর্যন্ত রাস্তার দু' ধার জবরদখল করে রাখা দোকানগুলো উচ্ছেদ করে জায়গা পরিষ্কার করে দিতে হবে প্রশাসনকে। পুরপতি মৃগাঙ্ক ভট্টাচার্য্য জানান—গত সপ্তাহে মহকুমা শাসকের চেম্বারে পি, ডবলিউ ডি (রোডস্), পি ডবলিউ ডি (কনসট্রাকসন), জেলা পরিষদ, পুলিশ প্রশাসনের সঙ্গে আমাদের এক সভা হয়। সেখানে মানুষের বৃহত্তর স্বার্থে যে কোন উপায়ে রাস্তার দু' ধারের জবরদখল উচ্ছেদের ব্যাপারেই আলোচনা হয়। হাইকোর্টের ইনজাংশন আছে এমন সংস্থাকে বাদ দিয়ে অন্য সংস্থা দিয়ে উচ্ছেদের ব্যবস্থা করা হবে। দায়িত্বপ্রাপ্ত ঠিকাদারী সংস্থা গ্যামন ইন্ডিয়ার প্রতিনিধি দেবাশিস সরকার জানান—এনায়েতনগর ডোমপাড়া ফেরীঘাটকেও ঐ একালা থেকে শ্মশানের দিকে সরে যাবার কথা বলা হয়েছে। আরও জানা যায়—ফুলতলা টিকিট কাউন্টারের কাছ থেকে পিলার তুলে ব্রীজের মুখ পর্যন্ত একটা লেবেল বরাবর রাস্তা যাবে। এবং দু' ধার পরিষ্কার হয়ে গেলেই হাসপাতাল মোড় থেকে গঙ্গার ঘাট এবং অনুরূপভাবে জঙ্গিপুর পারে রাস্তার দু' ধার ঘিরে দেওয়া হবে। রঘুনাথগঞ্জ পারের রাস্তার ধারের ব্যবসায়ীরা প্রশাসনের কাছে পুনর্বাসনের দাবী জানিয়েছেন। এই প্রসঙ্গে জঙ্গিপুরের চেয়ারম্যান মৃগাঙ্ক ভট্টাচার্য্য জানান মার্চের শেষের দিকে রঘুনাথগঞ্জে নবনির্মিত বাসষ্ট্যান্ডে সুপার মার্কেট কমপ্লেক্সের লটারী হবে। সেখানে উচ্ছেদ ( শেষ পৃষ্ঠায় )

## অনাড়ম্বর অনুষ্ঠানের মধ্যে জঙ্গীপুর বাসষ্ট্যাণ্ডের উদ্বোধন

নিজস্ব সংবাদদাতা : গত ৯ ফেব্রুয়ারী সকালের দিকে দীর্ঘ প্রতীক্ষার পর এক অনাড়ম্বর অনুষ্ঠানের মধ্যে জঙ্গীপুর বাসষ্ট্যান্ডের উদ্বোধন করলেন পুরপিতা মৃগাঙ্ক ভট্টাচার্য্য। তবে বাসষ্ট্যান্ড সংলগ্ন মার্কেট কমপ্লেক্সের উদ্বোধন বাকী থেকে গেল। জানা যায় পুরসভা ( শেষ পৃষ্ঠায় )

## সাগরদীঘি হাই স্কুলের সুবর্ণজয়ন্তী উৎসব

সাগরদীঘি : গত ১৩ থেকে ১৫ ফেব্রুয়ারী স্থানীয় সুরেন্দ্রনারায়ণ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ৫০তম প্রাতিষ্ঠা বার্ষিকী মহা-সমারোহে উদ্‌যাপিত হল। অনুষ্ঠানে দুটি গৃহ এবং প্রদর্শনীর উদ্‌ঘাটন করা হয়। এ ছাড়াও ঢোল-সানাই, এন-সি-সির নকল যুদ্ধ প্রদর্শনী, অগ্নিবীণা সব পেয়েছির আসরের সঙ্গীত (শেষ পৃষ্ঠায়)

## বন্যায় ক্ষতিগ্রস্ত গৃহহীনদের টাকা নিয়ে দুর্নীতি

ধুলিয়ান : স্থানীয় পুর এলাকার ১৯টি ওয়ার্ডে সম্প্রতি বন্যায় ক্ষতিগ্রস্ত গৃহহীন প্রতি পরিবারকে ২০০০ টাকা করে সরকারী সাহায্য দেওয়া হয়। কিন্তু খবর, পুর কাউন্সিলারদের কারসাজিতে কোন গৃহ-হীনই সে টাকা পাননি যদিও কাগজে কলমে সে টাকা বিলি দেখানো হয়েছে। এ ব্যাপারে সামসেরগঞ্জ ব্লকের বিডিকে আমাদের প্রতিনিধি প্রশ্ন করলে উনি এই ঘটনার সত্যতা স্বীকার করেন এবং মহকুমা শাসকের গোচরে আনবেন বলে জানান।

বাজার হতে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিংয়ের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, শুধু কথা বাক্য পরিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ৬৬২০৫

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

৪ঠা ফাল্গুন বুধবার, ১৪০৫ সাল।

## ॥ হা চাল হা ডাল ॥

সাধারণ অবস্থার মানুষ আজ শুধু ডাল-ভাত খাইয়া কোনও মতে জীবনধারণের সুযোগ হয়ত হারাইতে চলিয়াছেন। 'আমার সন্তান যেন থাকে দুধে-ভাতে'—পূর্বকালে সাধারণ বাঙালীর এই কামনাই ছিল। তাঁহারা শ্রীভগবানের নিকট এইরূপ প্রার্থনাই করিতেন। এখন এই কথা ব্যঙ্গস্বরূপ।

অবস্থাচক্রে আজ দুগ্ধ নামক পুষ্টিকর তরল পদার্থটি অমিল। জার বা কৌটায় বন্দী 'পাউডার মিল্ক' নামক চূর্ণ পদার্থটি দুগ্ধের সর্বপ্রকার প্রয়োজন সাধন করিতেছে। তরল আকারে যাহা বা পাওয়া যায়, দর্শনধারী হিসাবে তাহা দুগ্ধ বলিয়া পরিচিত হইলেও গুণমানের ক্ষেত্রে শূন্যতা ছাড়া আর কিছু তাহাতে থাকে না। তাই এখন একটু ডাল এবং দুই মুষ্টি ভাতই সম্বল করা ছাড়া নিম্নবিত্ত বাঙালীর কোন উপায় নাই।

কিন্তু জঠরানল নিবৃত্তির সে পথও ক্রমশঃ বন্ধ হইতে চলিয়াছে। রাসায়নিক সার প্রয়োগের আধিক্য ও ব্যাপকতায় ভাতের প্রকৃত আস্বাদ অমিল হইয়াছে। নূতন চালের ফেন-ভাত আজ সুমিষ্ট আস্বাদ ও সুঘ্রাণ দিতে পারিতেছে না। তবু তাহা গলাধঃকরণ দ্বারা ক্ষুন্নিবৃত্তির ব্যাপারে ভোক্তাদিগকে সর্ষপকুসুম দেখিতে হইতেছে। কেননা, চালের বর্তমান মূল্য যাহা দাঁড়াইয়াছে, তাহাতে মরসুম অতিক্রান্ত হইলে কী অবস্থায় পৌঁছাইবে, ভাবিবার কথা।

এখনই মোটা চাল, মাঝারি চাল ও সরু চাল যথাক্রমে প্রতি কেজি ১০/১১ টাকা, ১৪ টাকা এবং ২০ টাকা দরের তকমা পরিয়া বসিয়াছে ; ক্রমশঃ তাহা ঊর্ধ্বমুখী হইবে। ঝড়-বৃষ্টিতে এই বৎসর ধানের উৎপাদন যথেষ্ট মার খাইয়াছে। তদনুপাতেও ধান উঠার মরসুমে এমন দর থাকিবার কথা নহে। ব্যবসায়ীমহল মনে করেন যে, এই রাজ্য হইতে অন্য রাষ্ট্রে চাল পাচার যদি বন্ধ না হয়, তবে অবস্থা চরমে উঠিবে। পশ্চিমবঙ্গ হইতে বিধিবদ্ধ অনুমতিসহ চাল শ্রীলঙ্কা ও নেপালে যায়। কিন্তু বাংলাদেশে চালের বেআইনী পাচার নির্বাধ সীমান্ত এলাকা দিয়া প্রতিদিন লরি লরি চাল পাচার হইতেছে। মুর্শিদাবাদ, নদীয়া সীমান্ত পাচারকারীদের স্বর্গলোক। শুধু চাল নয়, অন্যান্য বহু ভোগ্যপণ্য এবং গো-মহিষাদি সেখানে পাঠান হইতেছে। সীমান্ত রক্ষীবাহিনী থাকা সত্ত্বেও পাচার অব্যাহত। কারণ তৃতীয় রিপুর প্রাধান্য। সুতরাং এই রাজ্যের অতি সাধারণ অবস্থার মানুষ যে বিপর্যয়ের সম্মুখীন হইবেন, তাহাতে আশ্চর্য কী?

অতঃপর ডালপ্রসঙ্গ। ভারত পৃথিবীর ডাল উৎপাদনকারী দেশসমূহের শীর্ষস্থানে রহিয়াছে। তথাপি তাহাকে কয়েক লক্ষ টন ডাল বিদেশ হইতে আমদানী করিতে হয়। শুনা গিয়াছে যে, এই বৎসর ডালের দাম যথেষ্ট বৃদ্ধি পাইবে। জনসংখ্যা বৃদ্ধির তুলনায় ডালের উৎপাদন কম, কৃষি আয়ে আঞ্চলিক বিভিন্নতা ও উৎপাদন এবং চাহিদার মধ্যে ব্যবধান ইত্যাদি কারণে ডালও মানুষের ধরাছোঁয়ার বাহিরে চলিয়া যাইবে বলিয়া বণিকসভা-সংগঠনের ধারণা। এই সংগঠন সরকারকে ডাল পরিস্থিতি অবহিত করিয়াছেন বলিয়া জানা যায়।

অতএব চাল ও ডাল ক্রয়ের ক্ষমতা অতি সাধারণ মানুষের আয়ত্তের বাহিরে চলিয়া যাহাতে না যায়, তাহার জন্য কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের তৎপর হওয়া একান্ত প্রয়োজন।

## পশ্চিমবঙ্গ শুঁড়িসাহা কল্যাণ সমিতির ডেপুটেশন

বিশেষ সংবাদদাতা : গত ১০ ফেব্রুয়ারী পশ্চিমবঙ্গ শুঁড়িসাহা কল্যাণ সমিতির প্রায় শতাধিক প্রতিনিধি জঙ্গীপুর মহকুমা শাসকের কাছে তাঁদের দাবী পেশ করেন। ভুয়া শুঁড়িসাহা দাবী করে প্রকৃতদের বঞ্চিত করা হচ্ছে এমন কিছু ঘটনার দৃষ্টান্ত তুলে ধরেন তাঁরা। এবং দোষীদের শাস্তি দাবী করেন। তাঁরা জানান গত ১২ ডিসেম্বর রঘুনাথগঞ্জ ২ ব্লকের তেঘরী খামরা ভাবকি জুনিয়ার হাই স্কুলে একজন চতুর্থ শ্রেণী কর্মচারীর জন্য ১৯ জনের ইনটারভিউ নেওয়া হয়। ২৫ ডিসেম্বর একটি প্যানেল ডি অ ই অফিসে পাঠানো হয়। তাতে এক নম্বরে ঠাঁই করে নিয়েছে ভুয়া সার্টিফিকেটধারী বিশ্বজিৎ সাহা। কিন্তু বাসুদেব সাহা প্রকৃত শুঁড়ি সমাজের লোক হয়েও তাঁকে দু' নম্বরে রাখা হয়েছে। বৈশ্য বণিকেরা তপশিলী নয় তথাপি বিশ্বজিৎ সাহা জাতের নাম ভাঁড়িয়ে টাকার জোরে এক নম্বরে। ঐ এক নম্বরে বিশ্বজিৎ সাহাকে বাতিল করে বাসুদেব সাহাকে রাখার দাবী জানান পশ্চিমবঙ্গ শুঁড়িসাহা কল্যাণ সমিতির প্রতিনিধিরা। তাঁরা একটি তালিকা দিয়ে দাবী করেন জঙ্গীপুর মিউনিসিপ্যালিটি ও রঘুনাথগঞ্জ ১ ও ২ নম্বর ব্লকে এ ছাড়া আর কোন শুঁড়ি জাতি নাই। থাকলে তারা প্রমাণ করুন।

এসডিও মণীয় রায় জোরের সঙ্গে তাঁর আমলে একটিও ভুয়া সার্টিফিকেট দেওয়া হয়নি দাবী করেন। মন্ত্রী দীনেশ ডাকুয়া কর্তৃক প্রেরিত লিষ্ট ডিএম তাঁর কাছে পাঠিয়েছেন। ৫৩ জনের বিরুদ্ধে তদন্ত শুরু করে দিয়েছেন বলে কনফেডারেশন অফ এসসি/এসটি এবং ওবিসি অফ ওয়েষ্ট বেঙ্গল, জঙ্গীপুর শাখা সংগঠনকে তিনি জানান। এই প্রসঙ্গে মহকুমা শাসক আরো জানান ১০ মার্চ আনুষ্ঠানিকভাবে এসসি/এসটি এবং ওবিসিদের সার্টিফিকেট দেওয়া হবে। ডেপুটেশনে উপস্থিত ছিলেন। পশ্চিমবঙ্গ শুঁড়িসাহা কল্যাণ সমিতির পক্ষে সভাপতি শীতলকুমার সাহা, বাসুদেব সাহা এবং সঞ্জয় সাহা প্রমুখ। কনফেডারেশন অফ এসসি/এসটি এবং ওবিসি অফ ওয়েষ্ট বেঙ্গলের পক্ষে নরেন্দ্রনাথ দাস, বিজয়কুমার মণ্ডল, সুকুমার দাস ( ফরাক্কা ) এবং জেলার অন্যতম দলিত নেতা অধ্যাপক জগবন্ধু বিশ্বাস প্রমুখ।

## স্ত্রীর মৃত্যুতে স্বামী গ্রেপ্তার

ধুলিয়ান : গত ৭ ফেব্রুয়ারী সকালে সামসেরগঞ্জ থানার কামাত গ্রামে লাইলি বিবি ( ৪০ ) নামে এক বিবাহিতা মহিলার মৃতদেহ বাড়ী থেকে ৩০০ গজ দূরের এক মাঠ থেকে গ্রামবাসীরা উদ্ধার করে। মৃতদেহের শরীরের বিভিন্ন জায়গায় ধারালো অস্ত্রের চিহ্ন দেখা যায়। জানা যায় প্রায় তিন বছর আগে গাজিনগর গ্রামে এজাবুল সেখের সঙ্গে লাইলির বিয়ে হয়। কিন্তু বিয়ের পর বেশীদিন লাইলি শ্বশুর বাড়ীতে থাকেননি। লাইলির বাড়ীর লোকজনের অভিযোগে পুলিশ তাঁর স্বামীকে গ্রেপ্তার করেছে।

## পঞ্চায়েত সমিতির সভাকক্ষ উদ্বোধন

নিজস্ব সংবাদদাতা : সাগরদীঘি পঞ্চায়েত সমিতির সভাকক্ষ উদ্বোধন উপলক্ষে গত ৩১ জানুয়ারী এক অনুষ্ঠানে পঞ্চায়েত সভাপতি আশীষকুমার ব্যানার্জী সকলের কাছে এই গৃহ রক্ষার দায়িত্ব দেন। বিডিও অজয়কুমার ঘোষ জানান সাড়ে তিন লক্ষ টাকা ব্যয়ে জেলা পরিষদের অর্থে এই গৃহ নির্মাণ হল। পরবর্তীতে আরও সম্প্রসারণ করা হবে। জেলা পরিষদের বাস্তুকার মিহিরকুমার সরকার এই গৃহের বিজ্ঞান-সম্মত দিক দেখান। বিধায়ক পরেশ দাশ পঞ্চায়েতের অগ্রগতি বর্ণনা করেন। প্রাণী সম্পদ বিকাশ মন্ত্রী আনিসুর রহমান বলেন সাগরদীঘির গ্রাম উন্নয়নে যত ভাবনা চিন্তা আছে তা এই ঘরে বসেই করবে পঞ্চায়েত। মানুষের মতামত নিয়ে কাজ করতে হবে। উন্নয়ন ব্যাপারে পার্টি চলবে না। রাস্তা হয় না, স্কুলে শিক্ষক যায় না বা ঠিকমত পড়াই না, বিদ্যুৎ নাই নানা সমস্যা লোকে বলছে। ঐক্য শিক্ষা চেতনা নিয়ে কাজ করতে হবে। শেষে সভাকক্ষের দ্বার উদঘাটন করেন মন্ত্রী।

Govt. of West Bengal

**Irrigation & Waterways Directorate**

# Office of the Executive Engineer, Ganga Anti Erosion Divn.

**P. O. Raghunathganj, Dist. Murshidabad**

Corrigendum to Notice Inviting Tender No. 5, 6, 7, 8, 9, 10, 11, 12 & 13 under Ganga Anti Erosion Division during 1998—99 Circulated vide this office memo No. 1328 (23) dt. 18. 12. 98, 1329 (23) dt. 18. 12. 98, 1335 (23) dt. 18. 12. 98, 1336 (23) dt. 18. 12. 98, 1337 (23) dt. 18. 12. 98, 1338 (23) dt. 18. 12. 98, 1339 (23) dt. 18. 12. 98, 1340 (23) dt. 18. 12. 98, 57 (25) dt. 28. 1. 99, 35 25) dt. 18. 1. 99, 25 (25, dt. 12. 1. 99, 55 (30) dt. 28. 1. 99, 82 (25) dt. 2. 2. 99 & 118 (25) dt. 4. 2. 99.

Due to unavoidable circumstances into 3 list of works the following changes have been made.

| N. I. T. No. G. A. E. Divn. 1998-99 | Sl. No. | Amount put to tender | Earnest money |
|---|---|---|---|
| 5. G. A. E. Divn. 1998-99 | 1 to 6 | Rs. 17,76,535/- instead of Rs, 14,91,611/- | No change i. e. remain same |
| do | 7 & 8 | Rs. 5,89,962/- instead of Rs. 4,98,071/- | No change i. e. remain same |
| 6. G. A. E. Divn. 1998-99 | 1 | Rs. 16,38,481/- instead of Rs. 14,89,707/- | No change i. e. remain same |
| do | 2 | Rs. 22,31,461/- instead of Rs. 14,82,767/- | No change do |
| do | 3 & 4 | Rs. 16,29,692/- instead of Rs. 14,82,767/- | No change do |
| do | 5 | Rs. 8,10,360/- instead of Rs. 7,38,157/- | No change do |
| do | 6 | Rs. 8,19,315/- instead of Rs. 7,45,128/- | No change do |
| 7. G. A. E. Divn. 1998-99 | 1 & 2 | Rs. 27,65,933/- instead of Rs. 20,92,636/- | No change do |
| do | 3 to 12 | Rs. 13,69,222/- instead of Rs. 10,46,317/- | No change do |
| do | 13 & 14 | Rs. 4,56,408/- instead of Rs. 3,45,738/- | Rs. 9128 instead of Rs. 8915/- |
| do | 15 to 18 | Rs. 4,56,408/- instead of Rs. 3,53,074/- | Rs. 9128/- instead of Rs. 7062/- |
| do | 16 & 17 | Rs. 4,56,408/- instead of Rs. 3,45,738/- | Rs. 9128 instead of Rs, 6915/- |
| do | 19 to 24 | Rs. 9,12,815/- instead of Rs. 6,96,396 | No change remain unchanged |
| 8. G. A. E. Divn. 1998-99 | 1 & 2 | Rs. 24,70,251/- instead of Rs. 20,78,489/- | No change do |
| do | 3 | Rs. 12,35,240/- instead of Rs. 10,39,345/- | do |
| do | 4 to 6 | Rs. 6,17,706/- instead of Rs. 5,19,747/- | Rs. 12,354/- instead of Rs. 10,395/- |
| do | 7 & 8 | Rs. 9,26,348/- instead of Rs. 7,79,435/- | No change remain unchanged |

[ Continued........ ]

( From Page 3 )

| N. I. T. No. G. A. E. Divn. 1998-99 | Sl. No. | Amount put to tender | Earnest money |
|---|---|---|---|
| 9. G. A. E. Divn. 1998-99 | 1 | Rs. 26,80,976/- instead of Rs. 21,58,176/- | No change remain unchanged |
| do | 2 to 5 | Rs. 13,40,486/- instead of Rs. 10,78,114/- | do |
| do | 6, 8, 9, & 10 | Rs. 17,76,245/- instead of Rs. 11,98,265/- | do |
| do | 7 | Rs. 17,76,245/- instead of Rs. 12,00,264/- | do |
| 10. G. A. E. Divn. 1998-99 | 1 | Rs. 22,90,821/- instead of Rs. 22,54,248/- | do |
| do | 2 | Rs. 18,63,086/- instead of Rs. 16, 34, 313/- | do |
| do | 3 | Rs. 3,72,631/- instead of Rs. 5,44,771/- | do |
| 11. G. A. E. Divn. 1998-99 | 1 | This work is cancelled | |
| do | 2 | Rs. 33,52,840/- instead of Rs. 28,66,910/- | No change i. e. remain same |
| do | 3 | Rs. 33,85,043/- instead of Rs. 27,24,255/- | do |
| 12. G. A. E. Divn. 1998-99 | 1 | Rs. 2,79,838/- instead of Rs. 4,33,685/- | Rs. 5,597/- instead of Rs. 8,674/- |
| do | 2 | Rs. 3,25,599/- instead of Rs. 4,34,057/- | Rs. 6,512/- instead of Rs. 8,681/- |
| do | 3 | Rs. 3,58,998/- instead of Rs. 4,56,477/- | No change i. e. remain same |
| do | 4 | Rs. 3,51,914/- instead of Rs. 4,44,829/- | No change i. e. remain same |
| 13. G. A. E. Divn. 1998-99 | 1 | Rs. 3,55,878/- instead of Rs. 4,10,496/- | No change i. e. remain same |
| N. I. T. No. / G. A. E. Divn. 1998-99 | Sl. No. 4 Reach-IV | From 150 M. to 200 M. i. e. effective working Length=250 M. is to be read as 50 M. | |

Last date and time of receipt of application for tender papers : 10. 2. 99 upto 17-30 hours instead of 10. 2. 99 upto 15-00 hours.

All other terms and conditions remain unchanged.

Executive Engineer,
GANGA ANTI EROSION DIVISION
P. O. Raghunathganj, Dt. Murshidabad.

Memo No. 137 (23) Dated 9. 2. 99.

### দু'পক্ষের বোমা সংঘর্ষে একজন পথচারীর মৃত্যু

জঙ্গিপুর : রঘুনাথগঞ্জ-২ ব্লকের কাঁটাখালি গ্রামে পুঠিয়া প্রাথমিক স্কুল মাঠে গত ৩ ফেব্রুয়ারী বেলা তিনটে নাগাদ জমি নিয়ে দু'পক্ষের মধ্যে বোমা ছোড়াছুড়ি হয়। সেই সময় রাস্তা দিয়ে যাবার সময় সেন্টু সেখ নামে এক পথচারী বোমায় আহত হন। তাঁকে জঙ্গিপুর হাসপাতালে ভর্তি করলে এখান থেকে বহরমপুর পাঠানো হয়। ৫ ফেব্রুয়ারী সেন্টু মারা যান।

## বাঙ্গাবাড়ী হাই স্কুলের সুবর্ণ জয়ন্তী উৎসবের প্রস্তুতি

আহিরণ : গত ৬ ফেব্রুয়ারী বাঙ্গাবাড়ী হাই স্কুলে প্রায় ২০০ প্রাক্তন ছাত্রের উপস্থিতিতে বিদ্যালয়ের পঞ্চাশ বর্ষ পূর্তি অনুষ্ঠানের উদ্দেশ্যে এক উৎসব উদযাপন কমিটি গঠন করা হয়। সভায় সভাপতি ছিলেন জঙ্গিপুরের মহকুমা পুলিশ প্রশাসক স্বপন মাইতি ও বিশেষ অতিথি বিদ্যালয়ের প্রাক্তন প্রধান শিক্ষক নরেন্দ্রকুমার সিংহ। উৎসব উদ্‌যাপন কমিটির সভাপতি নির্বাচিত হ'ন সুতী-১নং পঞ্চায়েত সমিতির সভাপতি অসিত দাস, কার্যকরী সভাপতি বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আসরাফউদ্দিন বিশ্বাস। এছাড়া যুগ্ম সম্পাদক ছাড়াও কমিটিকে ১১টি উপসমিতিতে ভেঙ্গে উৎসব কমিটি তৈরী হয়েছে। ঐ দিনই এক প্রাক্তন ছাত্রের উৎসাহে ও মহকুমা পুলিশ প্রশাসক ও অন্যান্যদের উদ্দীপনায় সভাস্থলে চার হাজার সাতশো টাকা সংগৃহীত হয় বলে আসরাফউদ্দিন বিশ্বাস জানান।

---

**এনটিপিসি NTPC**

## National Thermal Power Corporation

( A Government of India Enterprise )

**Farakka Super Thermal Power Station**

## CORRIGENDUM

With reference to Notice Inviting Tender for the following jobs, last date of receipt of request for issue of tender documents is hereby extended upto 05. 03. 99.

| Tender Ref. No. | Name of work | Estimated value (Rs. in lacs) | Completion Period (in months) | EMD value ( Rs. ) |
|---|---|---|---|---|
| T-05/5389 | Rate contract for handling of general goods in Stores area at NTPC—Farakka | 07. 80 | 12 | 16,000·00 |
| T-12/5462 | Overhauling (including strengthening of winding, lacing in some cases) of 6.6 KV motor at NTPC—Farakka | 27.85 | 12 | 56,000·00 |
| T-15/5618 | Rate contract for maintenance of Air conditioners, coolers, Refrigerators, Bottle-coolers and Deep Fridges at plant site and Township Area of NTPC—Farakka | 18.55 | 12 | 37,000·00 |

All other terms and conditions shall remain unaltered.

Address for Communication : Sr. Manager (CS),
National Thermal Power Corporation Ltd.,
Farakka Super Thermal Power Station
P. O. Nabarun, Dist. Murshidabad
West Bengal, Pin-742236

---

## এক্সিকিউটিভ এঞ্জিনীয়ার অফিস

### ফীডার ক্যানেল ডিভিশন / এফ. বি. প্রজেক্ট

## দরপত্র আহ্বানের বিজ্ঞপ্তি

এক্সিকিউটিভ এঞ্জিনীয়ার, ফীডার ক্যানেল ডিভিশন, ফরাক্কা ব্যারেজ প্রজেক্ট, পোঃ ফরাক্কা ব্যারেজ, জেলা মুর্শিদাবাদ (প. ব.) নিম্নবর্ণিত মরসুমী ফলসমূহ নীলামে বিক্রয়ের জন্য সমর্থ ক্রেতার নিকট হইতে ২৫/২/৯৯ তারিখ অপরাহ্ন ৩ ঘটিকা পর্যন্ত সীলযুক্ত দরপত্র আহ্বান করিতেছেন।

| ক্রমিক নং | নীলামের বিবরণ | পরিমাণ ও বৃক্ষ | দরপত্র গ্রহণ ও খোলার তারিখ | জামিনকৃত অর্থ |
|---|---|---|---|---|
| ১। | মালঞ্চা ধুলিয়ান কলোনীর এলাকায় প্রজেক্টের জমিতে অবস্থিত ১৯৯৯ এবং ২০০০ সাল—এই দুই বৎসরের ফলের মরসুমে ১০৪টি আমগাছের ও ১১টি লিচু গাছের কেবলমাত্র ফল ( আম ও লিচু ) নীলামে বিক্রয় | মোট ১১৫টি | দরপত্র গ্রহণ ২৫/২/৯৯ তারিখ বিকাল ৩টা পর্যন্ত এবং একই তারিখে বিকাল ৩টা ৩০ মি. দরপত্র খোলা হইবে। | ১০,০০০ |

দ্রষ্টব্য ঃ—৯/২/৯৯ হইতে যে কোনও কাজের দিন এক্সিকিউটিভ এঞ্জিনীয়ার, ফীডার ক্যানেল ডিভিশন, এফ. বি. প্রজেক্ট, পোঃ ফরাক্কা ব্যারেজ, জেলা মুর্শিদাবাদ (প. ব.)-এর অফিসে শর্তাদির বিস্তৃত বিবরণ পাওয়া যাইবে।

স্বাঃ
এক্সিকিউটিভ এঞ্জিনীয়ার,
ফীডার ক্যানেল ডিভিশন/এফ. বি. প্রজেক্ট

No. FCD/DB-204/216 (12)(W/e)
Date 9. 2. 99

**বাসষ্ট্যাণ্ডের উদ্বোধন** (১ম পৃষ্ঠার পর)

নির্দ্ধারিত ঘর পিছু পঁচিশ হাজার টাকা সেলামীর জন্যই নাকি ব্যবসায়ীরা এখানে ব্যবসা করতে আগ্রহ প্রকাশ করলেন না। উল্লেখ্য, রাজ্য পৌরমন্ত্রী অশোক ভট্টাচার্য্যর বাসষ্ট্যাণ্ড ও মার্কেট কমপ্লেক্স উদ্বোধনের কথা ছিল। কিন্তু গত লোকসভা নির্বাচনের মুখে সে অনুষ্ঠান বানচাল হয়ে যায়।

**সুবর্ণজয়ন্তী উৎসব** (১ম পৃষ্ঠার পর)

আলেখ্য, বাউল গান, নাটক ইত্যাদির মাধ্যমে অনুষ্ঠানটিকে উপজীব্য করে তোলা হয় এবং শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হয় স্কুলের প্রতিষ্ঠাতা প্রধান শিক্ষক প্রয়াত অজিৎকুমার মুখোপাধ্যায়কে। বর্তমান প্রধান শিক্ষক জানান, অজিতবাবুর স্মৃতি রক্ষার্থে প্রায় তিন লক্ষ টাকা ব্যয়ে আবক্ষ মূর্তিসহ স্মারক গৃহ নির্মাণের পরিকল্পনা নেওয়া হয়েছে।

### আফিডেবিট

আমি কালু সেখ ওরফে আনোয়ার হোসেন পিতা সৈয়ব সেখ, গ্রাম রামডোবা, পোঃ অজগরপাড়া, জেলা মুর্শিদাবাদ। আমি কালু সেখ ওরফে আনোয়ার হোসেন একই ব্যক্তি প্রমাণে গত ২৮/১/৯৯ মুর্শিদাবাদ ডিষ্ট্রিক্ট নোটারী আদালতে আফিডেবিট করলাম।

CENTURY'S
VISHWAKARMA
আপনার স্বপ্নের বাড়ি তৈরী করতে ব্যবহার করুন ....

Century Cement

THE COMPLETE CEMENT

সেঞ্চুরী সিমেন্ট একটি সম্পূর্ণ সিমেন্ট

Lookad



আর কোথাও না গিয়ে আমাদের এখানে অফুরন্ত সমস্ত রকম সিল্ক শাড়ী, কাঁথা ষ্টিচ করার জন্য তসর থান, কোরিয়াল, জামদানী জোড়, পাঞ্জাবীর কাপড়, মুর্শিদাবাদ পিওর সিল্কের প্রিণ্টেড শাড়ীর নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

উচ্চ মান ও ন্যায্য মূল্যের জন্য পরীক্ষা প্রার্থনীয়।

## বাঘিড়া ননী এণ্ড সন্স

মির্জাপুর ।। গনকর

ফোন নং : গনকর ৬২০২৯

**ব্রীজ তৈরীর পর পুনর্বাসন** (১ম পৃষ্ঠার পর)

হওয়া ব্যবসায়ীরা লটারীর মাধ্যমে ঘর নিয়ে ব্যবসার সুযোগ নিতে পারেন। অন্যদিকে সেতু তৈরী না হওয়া পর্যন্ত প্রশাসন উচ্ছেদ হওয়া ব্যবসায়ীদের পুনর্বাসনের ব্যাপারে কোন চিন্তা ভাবনা করতে পারছে না বলে মহকুমা শাসক মণীষ রায় পরিষ্কার জানিয়ে দেন। ১৬ ফেব্রুয়ারী থেকে প্রশাসনের উদ্যোগে পুলিশ দিয়ে রঘুনাথগঞ্জ হাসপাতাল এলাকা থেকে গাড়ীঘাট পর্যন্ত রাস্তার দু'ধারের জবরদখল দোকান ও ঝুপড়িগুলো ভেঙে দেওয়া শুরু হয়েছে।

আপনাদের সেবায় দীর্ঘ পনের বছর যাবৎ নিয়োজিত

## ✚ অন্নপূর্ণা হোমিও ক্লিনিক ✚

রঘুনাথগঞ্জ ★ ফুলতলা ★ মুর্শিদাবাদ
(সবজী বাজারের বিপরীত দিকে)

প্রোঃ প্রখ্যাত হোমিও চিকিৎসক—ডাঃ সাহা

ডি. এম. এস (কলি), পি. ই. টি (ডাবলু, টি), এফ. ডাবলু. টি (আই. আর. সি. এস)

এখানে বিদেশী ঔষধ ও অত্যাধুনিক যন্ত্রপাতি দ্বারা সুচিকিৎসার ব্যবস্থা আছে। পেটের আলসার, কিডনির পাথর, বন্ধ্যা, কানের পুঁজ, পোলিও এবং প্যারালিসিস রোগের চিকিৎসা গ্যারান্টি সহকারে করা হয়।

হ্যাপকো এবং জার্মানীর হোমিও ঔষধ, সার্জিক্যাল, ডেন্টাল ও সর্বপ্রকার ডাক্তারী ইনষ্ট্রুমেন্ট ও পার্টস, মেডিক্যাল পুস্তক, ডাক্তারী লেদার ব্যাগ, টিঞ্চার ও কেমিক্যাল গ্রুপের ঔষধ, ফার্ষ্ট এড বক্স-এর সকলপ্রকার ঔষধ পাওয়া যায়।

বিঃ দ্রঃ—হারনিয়াল বেল্ট, এল, এস, বেল্ট, সারভাইক্যাল কলার 'কানের ভল্যুম কনট্রোল মেসিন ইত্যাদিও পাওয়া যায়।

সকলকে অভিনন্দন জানাই—

## রঘুনাথগঞ্জ ব্লক নং-১
## রেশম শিল্পী সমবায় সমিতি লিঃ

(হ্যাণ্ডলুম ডেভেলপমেণ্ট সেন্টার)

রেজিঃ নং—২০ ✶ তারিখ—২১-২-৮০

গ্রাম মির্জাপুর ।। পোঃ গনকর ।। জেলা মুর্শিদাবাদ

ফোন নং—৬২০২৭



ঐতিহ্যমণ্ডিত সিল্ক, গরদ, কোরিয়াল জামদানী জাকার্ড, সার্টিং থান ও কাঁথাষ্টিচ শাড়ী, প্রিণ্ট শাড়ী সুলভ মূল্যে পাওয়া যায়।

বিশেষ সরকারী ছাড় ১০%

✪ সততাই আমাদের মূলধন ✪

| | | |
|---|---|---|
| জয়ন্ত বাঘিড়া | ধনঞ্জয় কাদিয়া | অচিন্ত্য মনিয়া |
| সভাপতি | ম্যানেজার | সম্পাদক |

দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন, চাউলপট্টি, পোঃ রঘুনাথগঞ্জ (মর্শিদাবাদ) পিন ৭৪২২২৫ হইতে সত্বাধিকারী অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।